ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

তারিখ: ১৬ ডিসেম্বর ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ শনিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে যথাযোগ্য মর্যাদার সাথে **মহান বিজয় দিবস-২০২৩** উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষ্যে অত্র প্রতিষ্ঠান ব্যাপক কর্মসূচির আয়োজন করে। সকাল ০৬:৩৩ ঘটিকায় সূর্যোদয়ের সাথে জাতীয় পতাকা ও কলেজ পতাকা উত্তোলনের মধ্য দিয়ে কর্মসূচি শুরু হয়। অতঃপর সকাল ০৯:০০ ঘটিকায় কলেজ অডিটরিয়ামে অনুষ্ঠিত হয় ছাত্রদের রচনা প্রতিযোগিতা, মহান মুক্তিযুদ্ধবিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন, আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রধান আলোচক **বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা দুলাল** মুক্তিযুদ্ধের স্মৃতি উপস্থাপন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। তিনি মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করেন এবং মুক্তিযুদ্ধের চেতনায় নিজেদেরকে গড়ে তোলার আহ্বান জানান। পরিশেষে তিনি অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। অনুষ্ঠানের পরে কলেজ মাঠে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে মহান মুক্তিযুদ্ধে শহিদ অত্র কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও ছাত্রের স্মরণে শহিদ লে. কর্নেল মোহাম্মদ মনজুরুর রহমান বনাম শহিদ রেমিয়ান নিজামউদ্দিন আজাদ নামে দুটি দল এর প্রীতি ক্রিকেট ম্যাচ আয়োজন করা হয় এবং কলেজের কেন্দ্রীয় মসজিদে মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd


# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

তারিখ : ১৩ ডিসেম্বর ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

**'প্রথম ডিআরএমসি ইন্টারন্যাশনাল সোশ্যাল সেরেনিটি এনহ্যান্সমেন্ট এইড-২০২৩'** এর সমাপনী ১৩ ডিসেম্বর ২০২৩ বুধবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব **মোঃ আতিকুল ইসলাম** । মহতী এ আয়োজনে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি।

দুইদিনব্যাপী এ অনুষ্ঠানে বৃক্ষরোপণসহ বঙ্গবন্ধু অলিম্পিয়াড, সোশ্যাল সার্ভিস অলিম্পিয়াড, প্ল্যান্ট প্রদর্শনী, ফটো প্রদর্শনী, ট্রেজার হান্ট, ধারাবাহিক কুইজসহ ২০টি প্রতিযোগিতা ও চ্যারিটি মিউজিক্যাল সেশনে ৯০টি খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের তিন সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, ডিআরএমসি সমাজসেবা ক্লাবের মডারেটর ও অনুষ্ঠানের আহ্বায়ক প্রভাষক মোঃ খায়রুজ্জামান, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক ও অভিভাবকমণ্ডলী। শিক্ষার্থীদের মাঝে সমাজসেবামূলক বহুমুখী কর্মকাণ্ড পরিচালনা করে সৎচিন্তা, সৎকর্ম ও মানবিক মূল্যবোধ জাগ্রত করতে সামজসেবা ক্লাবের এই আয়োজন। অনুষ্ঠানের পৃষ্ঠপোষকতায় ছিল ইউএস-বাংলা এয়ারলাইনস্, সোস্যাল ইসলামি ব্যাংক লিমিটেড পিএলসি ও লিড অ্যাকাডেমি।

আমীমুল ইহসান

মুহাঃ আমীমুল ইহসান

জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

তারিখ : ১২ ডিসেম্বর ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

**'প্রথম ডিআরএমসি ইন্টারন্যাশনাল সোশ্যাল সেরেনিটি এনহ্যান্সমেন্ট এইড-২০২৩'** এর উদ্বোধন ১২ ডিসেম্বর ২০২৩ মঙ্গলবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) **ড. আবু সালেহ্ মোস্তফা কামাল**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি।

দুইদিনব্যাপী এ অনুষ্ঠানে বৃক্ষরোপণসহ বঙ্গবন্ধু অলিম্পিয়াড, সোশ্যাল সার্ভিস অলিম্পিয়াড, প্ল্যান্ট প্রদর্শনী, ফটো প্রদর্শনী, ট্রেজার হান্ট, ধারাবাহিক কুইজসহ ২০টি প্রতিযোগিতা ও চ্যারিটি মিউজিক্যাল সেশনে ৯০টি খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের তিন সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, ডিআরএমসি সমাজসেবা ক্লাবের মডারেটর ও অনুষ্ঠানের আহ্বায়ক প্রভাষক মোঃ খায়রুজ্জামান, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক ও অভিভাবকমণ্ডলী। শিক্ষার্থীদের মাঝে সমাজসেবামূলক বহুমুখী কর্মকাণ্ড পরিচালনা করে সৎচিন্তা, সৎকর্ম ও মানবিক মূল্যবোধ জাগ্রত করতে সামজসেবা ক্লাবের এই আয়োজন। আগামী ১৩ ডিসেম্বর ২০২৩ বুধবার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব **মোঃ আতিকুল ইসলাম।**

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc.bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

তারিখ : ০৯ ডিসেম্বর ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

**'১২তম বিজিএমইএ ডিআরএমসি জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'** এর সমাপনী ০৯ ডিসেম্বর ২০২৩ শনিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। বিশেষ অতিথি ছিলেন দৈনিক সমকালের উপদেষ্টা সম্পাদক আবু সাঈদ খান। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বিতর্ক চর্চা শিক্ষার পরিপূরক হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ, শিক্ষা জীবনের শুরু থেকেই বিতর্ক চর্চা করা বাঞ্ছনীয়। বিতর্ক মানুষকে সুন্দর ভাবে কথা বলতে শেখায়, সত্য শেখায়, যুক্তি দিয়ে একটি বক্তব্যকে উপস্থাপন করতে শেখায়। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, বিতর্ক চর্চার মাধ্যমে বেরিয়ে আসবে স্মার্ট বাংলাদেশের যোগ্য নাগরিক। অনুষ্ঠানে বিশেষ অতিথি বলেন, বিতর্ক সত্য প্রতিষ্ঠায় হাতিয়ার এবং যুক্তি তর্কের মাধ্যমে সত্য সব সময় প্রতিষ্ঠা লাভ করে।

০৭ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার শুরু হওয়া তিনদিনব্যাপী অনুষ্ঠিত এ বিতর্ক উৎসবে দেশের বিভিন্ন খ্যাতনামা স্কুল ও কলেজের ৯৬ টি শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকশত শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৬০ টি দল ইংরেজি ও ৩৬ টি দল বাংলা বিভাগে বিতর্ক করে। বাংলা ওপেন চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় আদমজী ক্যান্টনমেন্ট কলেজ বিতার্কিক দল এবং বিএএফ শাহীন কলেজ, ঢাকা বিতার্কিক দলের মধ্যে। চূড়ান্ত প্রতিযোগিতায় বিজয়ী হয় আদমজী ক্যান্টনমেন্ট কলেজ বিতার্কিক দল। বিচারকদের ভোটে শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হয় আদমজী ক্যান্টনমেন্ট কলেজের ফারাবী আহসান। ইংলিশ ওপেন চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয় বিতার্কিক দল এবং ব্রাক বিশ্ববিদ্যালয় বিতার্কিক দলের মধ্যে। চূড়ান্ত প্রতিযোগিতায় বিজয়ী হয় ব্রাক বিশ্ববিদ্যালয় বিতার্কিক দল। এবং রানার আপ হওয়ার গৌরব অর্জন ঢাকা বিশ্ববিদ্যালয় বিতার্কিক দল। বিচারকদের ভোটে শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হয় ব্রাক বিশ্ববিদ্যালয়ের বিতার্কিক আল ওয়াসি এম ফাহিমুদ্দৌলা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, সহযোগী অধ্যাপক ও বিতর্ক উৎসবের আহ্বায়ক রাশেদ আল মাহমুদ, ডিআরএমসি ডিবেটিং সোসাইটির মডারেটর তারেক আহমেদ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমন্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষক।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩ শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

তারিখ : ০৭ ডিসেম্বর ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

**'১২তম বিজিএমইএ ডিআরএমসি জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'** এর উদ্বোধন ০৭ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিএমইএ এর সভাপতি **জনাব ফারুক হাসান**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি।

দেশের বিভিন্ন খ্যাতনামা স্কুল ও কলেজের প্রায় ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকশত শিক্ষার্থী এ বিতর্ক উৎসবে অংশগ্রহণ করবে। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বর্তমান প্রজন্মকে যুক্তিনির্ভর ও সত্যনিষ্ঠ করে গড়ে তোলার মহান লক্ষ্যে আয়োজিত এ বিতর্ক উৎসব নবীন শিক্ষার্থীদের যুক্তিনিষ্ঠ, বাস্তববাদী ও সুনাগরিক হিসেবে গড়ে ওঠার পথ দেখাবে বলে আমার বিশ্বাস। একমাত্র বিতর্কের মাধ্যমেই দেশ ও জাতির জটিল যে কোন সমস্যার সমাধান করা সম্ভব। আর শিক্ষা জীবনের শুরু থেকেই বিতর্ক চর্চা করা বাঞ্ছনীয়। সভাপতির বক্তব্যে কলেজের অধ্যক্ষ মহোদয় বলেন, বিতর্ক মানুষকে সুন্দর হতে শেখায়, সত্য শেখায়, খারাপ কাজ করা থেকে বিরত থাকতে শেখায়, চরিত্রবান হতে শেখায়। বিতর্ক চর্চার মাধ্যমে বেরিয়ে আসবে স্মার্ট বাংলাদেশের যোগ্য নাগরিক। আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ শনিবার বিতর্ক উৎসবের সমাপনী অনুষ্ঠিত হবে।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

**তারিখ : ২৬ নভেম্বর ২০২৩**

# প্রেস বিজ্ঞপ্তি

## এইচএসসি পরীক্ষা- ২০২৩ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের সাফল্য

২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এ বছর এ শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৯৫৬ জন ছাত্র এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। পাশের হার শতকরা ১০০ ভাগ। মোট জিপিএ-৫ পেয়েছে ৮৩১ জন। জিপিএ-৫ প্রাপ্তির শতকরা হার ৮৬.৯২। নিম্নের ছকে ফলাফলের বিবরণ দেয়া হলো :

| বিভাগ | মোট পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা | জিপিএ-৫ | পাশের হার | জিপিএ-৫ হার |
|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৭৫৫ | ৭৫৫ | ৬৯৬ | ১০০% | ৯২.১৯% |
| ব্যবসায় শিক্ষা | ৯৪ | ৯৪ | ৮৩ | ১০০% | ৮৮.৩০% |
| মানবিক | ১০৭ | ১০৭ | ৫২ | ১০০% | ৪৮.৬০% |
| **মোট =** | **৯৫৬** | **৯৫৬** | **৮৩১** | **১০০%** | **৮৬.৯২%** |

এ প্রশংসনীয় সাফল্যের মূলে রয়েছে অত্র কলেজের অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস ও কলেজের সুদক্ষ অধ্যক্ষের সুযোগ্য নেতৃত্বের সঠিক দিকনির্দেশনা। সাম্প্রতিককালে গৃহীত বিশেষ অ্যাকাডেমিক ও সহপাঠ্যক্রমিক কার্যক্রম, পাঠদানের সুশৃঙ্খল নীতিমালা, নিয়মিত শ্রেণিপাঠদানের পাশাপাশি তুলনামূলক দুর্বল শিক্ষার্থীদের অতিরিক্ত শ্রেণিপাঠদান, ছাত্রদের পাঠোন্নতির নিয়মিত মনিটরিং ইত্যাদি বিষয় এ বছরের প্রশংসনীয় ফলাফল অর্জনে সহায়ক হয়েছে। এছাড়া শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও উন্নত শ্রেণিপাঠদান, অভিভাবকবৃন্দের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ভালো ফলাফল করার ঐকান্তিক প্রচেষ্টা এইচএসসি পরীক্ষার প্রশংসনীয় ফলাফলের নেপথ্যে বিশেষ ভূমিকা পালন করেছে বলে কলেজ কর্তৃপক্ষ মনে করেন।

আর্মীমুল ইহসান
মুহাঃ আর্মীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স ৫৮১৫৩৩৮২
ই-মেইল drmc.bd@yahoo.com
ওয়েব www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল স্বর্ণ পদক প্রাপ্ত

**তারিখ : ২৬ নভেম্বর ২০২৩**

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের ২০২৪ শিক্ষাবর্ষে ২৬ নভেম্বর ২০২৩ রবিবার তৃতীয়, ষষ্ঠ ও নবম শ্রেণিতে ৫০৯ আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কলেজ অডিটরিয়ামে অনুষ্ঠিত লটারি কার্যক্রমের মাধ্যমে নির্বাচিত করা হয়। লটারি কার্যক্রমের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ**, এনডিসি, পিএসসি। কলেজের অভিভাবক প্রতিনিধি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব মোঃ জিয়াউল হক, কলেজের অভিভাবক প্রতিনিধি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোঃ রিজওয়ানুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক উইং এর পরিচালক মোঃ বেলাল হোসাইন, কলেজের উপাধ্যক্ষবৃন্দ, কলেজের শিক্ষক প্রতিনিধি সহযোগী অধ্যাপক সাবেরা সুলতানা, কলেজের শিক্ষক প্রতিনিধি সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী এবং মোহাম্মদপুর থানা শিক্ষা অফিসার মোঃ রাজু আহমেদ উপস্থিত ছিলেন। এছাড়া ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ এবং ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত থেকে লটারি কার্যক্রম প্রত্যক্ষ করেন। উক্ত লটারি কার্যক্রম ফেসবুক লাইভে সম্প্রচার করা হয়।

আমীমুল ইহসান

মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন ০২৫৮১৫০৭৭৪
ফ্যাক্স ৫৮১৫৩৬৮২
ই-মেইল drmc_bd@yahoo.com
ওয়েব www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ২৮ জুলাই ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

### এসএসসি পরীক্ষা- ২০২৩ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের সাফল্য

২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এ বছর এ শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৫৩০ জন ছাত্র এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। পাশের হার শতকরা ৯৯.৮১ ভাগ। মোট জিপিএ-৫ পেয়েছে ৩৮৯ জন। জিপিএ-৫ প্রাপ্তির শতকরা হার ৭৩.৩৯। নিম্নের ছকে ফলাফলের বিবরণ দেয়া হলো :

| বিভাগ | মোট পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা | জিপিএ-৫ | পাশের হার | জিপিএ-৫ হার |
|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৪৩৩ | ৪৩২ | ৩৭০ | ৯৯.৭৭% | ৮৫.৪৫ |
| ব্যবসায় শিক্ষা | ৬৪ | ৬৪ | ১৫ | ১০০% | ২৩.৪৩ |
| মানবিক | ৩৩ | ৩৩ | ০৪ | ১০০% | ১২.১২ |
| মোট = | ৫৩০ | ৫২৯ | ৩৮৯ | ৯৯.৮১% | ৭৩.৩৯% |

এ প্রশংসনীয় সাফল্যের মূলে রয়েছে অত্র কলেজের অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস ও কলেজের সুদক্ষ অধ্যক্ষের সুযোগ্য নেতৃত্বের সঠিক দিকনির্দেশনা। সাম্প্রতিককালে গৃহীত বিশেষ অ্যাকাডেমিক ও সহপাঠ্যক্রমিক কার্যক্রম, পাঠদানের সুশৃঙ্খল নীতিমালা, নিয়মিত শ্রেণিপাঠদানের পাশাপাশি তুলনামূলক দুর্বল শিক্ষার্থীদের অতিরিক্ত শ্রেণিপাঠদান, ছাত্রদের পাঠোন্নতির নিয়মিত মনিটরিং ইত্যাদি বিষয় এ বছরের প্রশংসনীয় ফলাফল অর্জনে সহায়ক হয়েছে। এছাড়া শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও উন্নত শ্রেণিপাঠদান, অভিভাবকবৃন্দের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ভালো ফলাফল করার ঐকান্তিক প্রচেষ্টা এসএসসি পরীক্ষার প্রশংসনীয় ফলাফলের নেপথ্যে বিশেষ ভূমিকা পালন করেছে বলে কলেজ কর্তৃপক্ষ মনে করেন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা



CS Scanned with CamScanner

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব : www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ ও ২০২৩

শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ২০ জুলাই ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২০ জুলাই ২০২৩ বৃহস্পতিবার বাংলাদেশ সফরকালে সংযুক্ত আরব আমিরাতের শিল্প ও উন্নত প্রযুক্তি মন্ত্রী **ড. সুলতান আহমেদ আল জাবের**, বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত **আব্দুল্লাহ আল হামদী** এবং এমওআইএটি এর পরিচালক মোহাম্মেদ কুদাইব আল কাবি সহ একটি প্রতিনিধি দল কলেজ পরিদর্শন করেন। কলেজের ছাত্র-শিক্ষকদের এক সমাবেশে ড. সুলতান আহমেদ আল জাবের শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং জায়েদ সাসটেইন্যাবিলিটি প্রাইজ-২০২৩ অর্জন করায় কলেজকে অভিনন্দন জানান। কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি মন্ত্রী মহোদয়ের সংক্ষিপ্ত বাংলাদেশ সফরে অতি ব্যস্ততার মাঝেও কলেজ পরিদর্শন করায় মাননীয় মন্ত্রীসহ সকল সম্মানিত রাষ্ট্রীয় অতিথিবৃন্দকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এখানে উল্লেখ্য যে, গত ১৬ জানুয়ারি ২০২৩ এ সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবিতে অনুষ্ঠিত জায়েদ সাসটেইন্যাবিলিটি প্রাইজ-২০২৩ প্রদান অনুষ্ঠানে প্রাকৃতিক ও অণুজীব ঘটিত কম্পোস্টের প্রচলনের মাধ্যমে কৃষিক্ষেত্রে নতুন সম্ভাবনা সৃষ্টি করায় গ্লোবাল হাই স্কুল ক্যাটাগরিতে দক্ষিণ এশিয়ায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ বিজয়ী হয়।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১৮ জানুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩, ১৮ জানুয়ারি ২০২৩ তারিখ বুধবার শুরু হয়। কলেজের অধ্যক্ষ ও অনুষ্ঠানের সভাপতি **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি সপ্তাহব্যাপী ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। তিনি ছাত্রদেরকে শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া চর্চার প্রতি মনোযোগী হওয়ার আহ্বান জানান। কলেজের জুনিয়র পর্যায়ের তিনটি হাউস এবং সিনিয়র পর্যায়ের চারটি হাউস বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। এছাড়া তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীরা শ্রেণিভিত্তিক বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করবে। আগামী ২৫ জানুয়ারি ২০২৩ বুধবার সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে এ বর্ণাঢ্য আয়োজনের পরিসমাপ্তি হবে।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ২৫ জানুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখ বুধবার শুরু হয়। ২৫ জানুয়ারি ২০২৩ তারিখ বুধবার বিকাল ৩:৩০ ঘটিকায় এ প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় সচিব এবং ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের বোর্ড অব গভর্নরস-এর চেয়ারম্যান **সোলেমান খান**। এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়ের উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ এবং ঢাকা মহানগরীর সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ, অত্র কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উক্ত ক্রীড়া প্রতিযোগিতায় জুনিয়র শাখায় চ্যাম্পিয়ন হয় কুদরত-ই-খুদা হাউস এবং রানার্স আপ হয় জয়নুল আবেদিন হাউস। সিনিয়র শাখায় চ্যাম্পিয়ন হয় ড. মুহম্মদ শহীদুল্লাহ হাউস এবং রানার্স আপ হয় নজরুল ইসলাম হাউস। জুনিয়র শাখায় সেরা খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করে আবরার আল নাহিয়ান এবং সিনিয়র শাখায় সেরা খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করে এস এম খালিদ হাসান সিয়াম।

ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী দিবস উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন এবং ফেস্টুন শোভিত সবুজ-শ্যামলিমাময় সুবিশাল কলেজ ক্যাম্পাস হয়ে ওঠে নান্দনিক সৌন্দর্যে অতুলনীয়। ছাত্রদের পরিবেশিত মনোমুগ্ধকর কুচকাওয়াজ ও মিউজিক ডিসপ্লে এবং নির্বাচিত ক্রীড়ানুষ্ঠান উপস্থিত সকলকে মুগ্ধ করে।

মাননীয় প্রধান অতিথি তাঁর ভাষণে ছাত্রদেরকে জ্ঞান অর্জনের পাশাপাশি ক্রীড়া ও অন্যান্য সহশিক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে ভবিষ্যতে আদর্শ নাগরিক হিসেবে নিজেদেরকে গড়ে তোলার পরামর্শ দেন। কলেজের অধ্যক্ষ ও অনুষ্ঠানের সভাপতি **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি ছাত্রদেরকে শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া চর্চার প্রতি মনোযোগী হওয়ার আহ্বান জানান। তিনি অনুষ্ঠানের সফল সমাপ্তির জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন.: ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ২৯ জানুয়ারি ২০২৩.

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অত্যন্ত আকর্ষণীয় ও উৎসাহব্যঞ্জক পরিবেশে **'১৪তম ডিআরএমসি-সামিট ন্যাশনাল সায়েন্স কার্নিভাল-২০২৩'** ২৭ জানুয়ারি ২০২৩ শুক্রবার শুরু হয়ে ২৯ জানুয়ারি ২০২৩ রবিবার শেষ হয়। সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী **স্থপতি ইয়াফেস ওসমান**। বিশেষ অতিথি ছিলেন মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক গৌতম প্রসাদ দাস। আরও উপস্থিত ছিলেন সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এ বিজ্ঞান মেলায় ঢাকা মহানগরীসহ সারা দেশের সাড়ে চার শতাধিক স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঁচ সহস্রাধিক ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে উৎসবমুখর হয় কলেজ ক্যাম্পাস। তিনদিনব্যাপী এই বিজ্ঞান উৎসবের আয়োজনে প্রজেক্ট ডিসপ্লে, দেয়াল পত্রিকা, স্ক্র্যাপ বুক ডিসপ্লে, ফটোগ্রাফি প্রদর্শনী, অলিম্পিয়াডস, আইকিউ টেস্ট, সাইন্সফিকশন লিখন, ইলাসট্রেইশন এক্সজিবিশন, পোস্টার ডিজাইনিং এক্সজিবিশন, গেইমিং কনটেস্ট, লাইন ফলোইং, প্রভৃতি কুইজ, সুডোকু প্রতিযোগিতা, বিজ্ঞান ভিত্তিক উপস্থিত বক্তৃতা ও রোবোটিক ওয়ার্কশপ প্রতিযোগিতা অন্তর্ভুক্ত রয়েছে। এ উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন, ফেস্টুন, পোস্টার, ব্যানার ইত্যাদি দ্বারা নয়নাভিরাম সজ্জায় সজ্জিত করা হয়েছিল কলেজ প্রাঙ্গণ। সবুজ-শ্যামলিমাময় সুবিশাল ক্যাম্পাস হয়ে উঠেছিল নান্দনিক সৌন্দর্যে অতুলনীয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন, ক্ষুদে শিক্ষার্থীদের বিজ্ঞানচর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এ ধরনের মহতী আয়োজনের পৃষ্ঠপোষকতা নিঃসন্দেহে প্রশংসনীয়। এ উৎসব বিজ্ঞানের নব নব সৃষ্টির ব্যাপারে কৌতূহলী ও অনুসন্ধিৎসু করে তুলবে এবং তোমাদের মাধ্যমে আমাদের দেশ ও জাতি আগামী দিনে হয়ে উঠবে স্বনির্ভর ও উন্নত। তিনি আবুধাবিতে অনুষ্ঠিত 'যায়েদ সাসটেইন্যাবিলিটি প্রাইজ ২০২৩' অর্জন করায় এ কলেজের দলকে অভিনন্দন জানান। এছাড়া আরও বক্তব্য রাখেন বিশেষ অতিথি গৌতম প্রসাদ দাস, ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী ও ডিআরএমসি বিজ্ঞান ক্লাবের মডারেটর সহকারী অধ্যাপক মুহাম্মদ মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। তিনি উপস্থিত ছাত্র-ছাত্রীদেরকে বিজ্ঞানচর্চায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে নিজেদেরকে নিয়োজিত করার আহবান জানান।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ৩০ জানুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে **'২য় ডিআরএমসি-বেয় ২০২৩ জাতীয় স্পোর্টস সিমুলেকরা'**-৩০ জানুয়ারি ২০২৩ সোমবার শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **মোঃ জাহিদ আহসান রাসেল,** এমপি। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সদস্য তপু বর্মন ও উৎসবের টাইটেল স্পন্সর বে গ্রুপের চিফ অপারেটিং অফিসার আখতার আজিজ। আরও উপস্থিত ছিলেন সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। ঢাকা মহানগরীসহ সারা দেশের ৬৪টি শিক্ষা প্রতিষ্ঠান ফুটসাল, বস্কেটবল, টেবিল টেনিস, দাবা, ব্যাডমিন্টন, আর্ম রেসলিং, অলিম্পিয়াড, টিম কুইজ ও ফ্রি স্টাইল প্রভৃতি প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

অনুষ্ঠানের প্রধান অতিথি বলেন, জাতীয় জীবনে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। খেলাধুলা শিক্ষার্থীদের জীবনের অন্যতম একটি চাহিদা। খেলাধুলা জীবন গঠনে ও প্রতিযোগিতামূলক মানোভাব সৃষ্টিতে বিশেষভাবে সাহায্য করে। জয়-পরাজয় খেলার মূখ্য উদ্দেশ্য নয়। জয়পরাজয়ের মাধ্যমে প্রতিযোগিতার ফলে খেলার মান উন্নয়ন হয় এবং একে অপরকে জেনে নেতৃত্বের গুণাবলী বৃদ্ধি পায়। আর এ ধরনের আয়োজনের জন্য ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজকে অভিনন্দন। এছাড়া আরও বক্তব্য রাখেন ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী ও ডিআরএমসি গেমস এন্ড স্পোর্টস ক্লাবের মডারেটর প্রভাষক মোঃ ফারুক হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। ছাত্রদেরকে খেলোয়ার সুলভ মনোভাব রেখে শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া চর্চার প্রতি মনোযোগী হওয়ার আহ্বান জানান। আগামী ২ ফেব্রুয়ারি ২০২৩ বৃহস্পতিবার চারদিনব্যাপি এ আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী **এ কে এম এনামুল হক শামীম,** এমপি।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ৩১ জানুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ আয়োজিত **'৭ম ডিআরএমসি-সামাইরা জাতীয় ফটোগ্রাফি উৎসব-২০২৩'**, ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ মঙ্গলবার থেকে শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানের অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিখ্যাত উপস্থাপক ও সঞ্চালক **ডা. আব্দুন নূর তুষার**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর স্কুল অব ইঞ্জিনিয়ারিং এর ডিন প্রফেসর ড. এম মিজানুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ**, এনডিসি, পিএসসি। আরও উপস্থিত ছিলেন সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এই উৎসবে টাইটেল স্পন্সর সামাইরা গ্রুপ, কো-স্পন্সর পিএফইসি গ্লোবাল, রেটিনা ও ইউএপি, মিডিয়া পার্টনার আরটিভি ও এটিএন বাংলা।

তিনদিনব্যাপী এই প্রতিযোগিতায় রাজধানী ঢাকা শহরের বিভিন্ন খ্যাতনামা স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করবে। প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্ট সমূহের মধ্যে ছিল টপ সিগমেন্টস, সিনেমাটোগ্রাফি, ফটো-পাজল, ফটো-হান্টস, লাইভ ফটোগ্রাফি ও মিমি শো-ডাউন ইত্যাদি। আগামী ২রা ফেব্রুয়ারি ২০২৩ বৃহস্পতিবার সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে এই আয়োজনের পরিসমাপ্তি হবে।

আর্মীমুল ইহসান
মুহা. আর্মীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২    শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ এর ডিআরএমসি গেমস এন্ড স্পোর্টস ক্লাব কর্তৃক আয়োজিত **'২য় ডিআরএমসি-বে ন্যাশনাল স্পোর্টস সিমুলেকরা-২০২৩'** গত ৩০ জানুয়ারি ২০২৩ সোমবার শুরু হয় ও অদ্য ০২ ফেব্রুয়ারি ২০২৩ বৃহস্পতিবার শেষ হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **মোঃ জাহিদ আহসান রাসেল,** এমপি। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সদস্য তপু বর্মন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী **এ কে এম এনামুল হক শামীম,** এমপি। বিশেষ অতিথি ছিলেন উৎসবের টাইটেল স্পন্সর বে গ্রুপের চিফ অপারেটিং অফিসার আখতার আজিজ, কো-স্পন্সর প্রাইম ব্যাংকের এক্সিকিউটিভ ভাইস-প্রেসিডেন্ট তানভীর আহমেদ মাহবুব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। আরও উপস্থিত ছিলেন ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী ও ডিআরএমসি গেমস এন্ড স্পোর্টস ক্লাবের মডারেটর প্রভাষক মোঃ ফারুক হোসেন, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

চারদিনব্যাপী এই উৎসবে সমগ্র দেশের ৬৪টি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ফুটসাল, বাস্কেটবল, টেবিল টেনিস, দাবা, ব্যাডমিন্টন, আর্ম রেসলিং, অলিম্পিয়াড, টিম কুইজ ও ফ্রি স্টাইল প্রভৃতি প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

আমীমুল ইহসান
মুহা. আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ এর ডিআরএমসি ফটোগ্রাফি ক্লাব কর্তৃক আয়োজিত **'৭ম ডিআরএমসি-সামাইরা গ্রুপ জাতীয় ফটোগ্রাফি উৎসব- ২০২৩'**, গত ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ মঙ্গলবার শুরু হয় ও অদ্য ০২ ফেব্রুয়ারি ২০২৩ বৃহস্পতিবার শেষ হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রখ্যাত উপস্থাপক ও সঞ্চালক **ডা. আব্দুন নূর তুষার**। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর স্কুল অব ইঞ্জিনিয়ারিং এর ডিন প্রফেসর ড. এম মিজানুর রহমান। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী **এ কে এম এনামুল হক শামীম**, এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ**, এনডিসি, পিএসসি। আরও উপস্থিত ছিলেন ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী ও ডিআরএমসি ফটোগ্রাফি ক্লাবের মডারেটর প্রভাষক খন্দকার আজিমুল হক পাপ্পু, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এই উৎসবে টাইটেল স্পন্সর সামাইরা গ্রুপ, কো-স্পন্সর পিএফইসি গ্লোবাল, রেটিনা ও ইউএপি, মিডিয়া পার্টনার আরটিভি ও এটিএন বাংলা।

তিনদিনব্যাপী এই উৎসবে সমগ্র দেশের ১২২টি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সিনেমাটোগ্রাফি, ফটো-পাজল, ফটো-হান্টস, লাইভ ফটোগ্রাফি ও মিমি শো-ডাউন ইত্যাদি ইভেন্টে অংশগ্রহণ করে।

আমীমুল ইহসান
মুহা. আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

## এইচএসসি পরীক্ষা- ২০২২ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের সাফল্য

২০২২ সালের এইচএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এ বছর এ শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৯৮৬ জন ছাত্র এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। পাশের হার শতকরা ১০০ ভাগ। মোট জিপিএ-৫ পেয়েছে ৯৫১ জন। জিপিএ-৫ প্রাপ্তির শতকরা হার ৯৬.৪। নিম্নের ছকে ফলাফলের বিবরণ দেয়া হলো :

| বিভাগ | মোট পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা | জিপিএ-৫ | পাশের হার | জিপিএ-৫ হার |
|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৭৭৫ | ৭৭৫ | ৭৫৫ | ১০০% | ৯৭.৪% |
| ব্যবসায় শিক্ষা | ১০১ | ১০১ | ৯৪ | ১০০% | ৯৩.১% |
| মানবিক | ১১০ | ১১০ | ১০২ | ১০০% | ৯২.৭% |
| **মোট =** | **৯৮৬** | **৯৮৬** | **৯৫১** | **১০০%** | **৯৬.৪%** |

এ প্রশংসনীয় সাফল্যের মূলে রয়েছে অত্র কলেজের অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস ও কলেজের সুদক্ষ অধ্যক্ষের সুযোগ্য নেতৃত্বের সঠিক দিকনির্দেশনা। সাম্প্রতিককালে গৃহীত বিশেষ অ্যাকাডেমিক ও সহপাঠ্যক্রমিক কার্যক্রম, পাঠদানের সুশৃঙ্খল নীতিমালা, নিয়মিত শ্রেণিপাঠদানের পাশাপাশি তুলনামূলক দুর্বল শিক্ষার্থীদের অতিরিক্ত শ্রেণিপাঠদান, ছাত্রদের পাঠোন্নতির নিয়মিত মনিটরিং ইত্যাদি বিষয় এ বছরের প্রশংসনীয় ফলাফল অর্জনে সহায়ক হয়েছে। এছাড়া শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও উন্নত শ্রেণিপাঠদান, অভিভাবকবৃন্দের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ভালো ফলাফল করার ঐকান্তিক প্রচেষ্টা এইচএসসি পরীক্ষার প্রশংসনীয় ফলাফলের নেপথ্যে বিশেষ ভূমিকা পালন করেছে বলে কলেজ কর্তৃপক্ষ মনে করেন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ০৯ ফেব্রুয়ারি ২০২৩.

## প্রেস বিজ্ঞপ্তি

**'আইসিটি ডিভিশন প্রেজেন্টস্ ৬ষ্ঠ ডিআরএমসি পেট্রোমেক্স রিফাইনারী লিমিটেড ইন্টারন্যাশনাল টেক কার্নিভাল- ২০২৩'** এর বর্ণিল উদ্বোধন ০৯ ফেব্রুয়ারি ২০২৩ বৃহস্পতিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। বিশেষ অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি ডিভিশন-এর প্রকল্প পরিচালক মোঃ আলতাফ হোসেন। তিনদিনব্যাপী এ কার্নিভালে ইনোভেশন প্রজেক্ট ডিসপ্লে, প্রোগ্রামিং কনটেস্ট, ওয়েবসাইট ডিসপ্লে, লাইন ফলোয়িং রোবট, লোগো ডিজাইন, টেক আর্টিকেল রাইটিং, ইত্যাদি ইভেন্টে দেশের তিন শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঁচ সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করবে। উক্ত কার্নিভালে আইসিটি বিভাগের আইডিয়া প্রকল্প কর্তৃক ১০টি স্টার্টআপ উদ্ভাবনী প্রকল্প প্রদর্শনের একটি ইনোভেশন এক্সপো আয়োজন করা হয়েছে। 'স্মার্ট বাংলাদেশ' বিষয়ক সেমিনারে প্রধান অতিথি ছিলেন আইসিটি ডিভিশনের এটুআই প্রোগ্রাম এর প্রজেক্ট ডিরেক্টর ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবির, বিশেষ অতিথি বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড এর ডিরেক্টর রাকিব আহমেদ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের লেকচারার আব্দুল্লাহিল কাফি। এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, আইসিটি বিভাগের প্রভাষক এবং কার্নিভালের আহ্বায়ক রাসেল আহমেদ, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। স্মার্ট বাংলাদেশের ভবিষ্যৎ পরিকল্পনায় তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করা এবং ২০৪১ সালের রূপকল্প বাস্তবায়নে নবীনদের উৎসাহিত করতেই এই তিনদিনব্যাপী টেক কার্নিভাল এর আয়োজন। আগামী ১১ ফেব্রুয়ারি ২০২৩ শনিবার তিনদিনব্যাপি এ আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **জুনাইদ আহ্‌মেদ পলক**, এমপি ।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ এর ডিআরএমসি আইটি ক্লাব কর্তৃক আয়োজিত **'আইসিটি ডিভিশন প্রেজেন্টস্ ৬ষ্ঠ ডিআরএমসি পেট্রোমেক্স রিফাইনারী লিমিটেড ইন্টারন্যাশনাল টেক কার্নিভাল-২০২৩'** এর সমাপনী ও পুরস্কার বিতরণী অদ্য ১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ শনিবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **জুনাইদ আহ্মেদ পলক,** এমপি। বিশেষ অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগের ডিওআইসিটি এর ডিরেক্টর জেনারেল মোঃ মোস্তফা কামাল ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগের সচিব মোঃ সামসুল আরেফিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি।

০৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বৃহস্পতিবার শুরু হওয়া তিনদিনব্যাপী এ কার্নিভালে ইনোভেশন প্রজেক্ট ডিসপ্লে, প্রোগ্রামিং কনটেস্ট, ওয়েবসাইট ডিসপ্লে, লাইন ফলোয়িং রোবট, লোগো ডিজাইন, টেক আর্টিকেল রাইটিং, ইত্যাদি ইভেন্টে দেশের ও অনলাইনে দেশের বাইরের চার শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঁচ সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। কার্নিভালে আইসিটি বিভাগের আইডিয়া প্রকল্প ১০টি স্টার্টআপ উদ্ভাবনী প্রকল্প প্রদর্শনের একটি ইনোভেশন এক্সপো আয়োজন করে। 'স্মার্ট বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি ছিলেন আইসিটি ডিভিশনের এটুআই প্রোগ্রাম এর প্রজেক্ট ডিরেক্টর ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবির, বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড এর ডিরেক্টর রাকিব আহমেদ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর প্রভাষক আব্দুল্লাহিল কাফি। 'সাইবার সিকিউরিটি' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগের বিজিডি ই-গভ সিআইআরটি এর প্রজেক্ট ডিরেক্টর তারিক এম বরকতুল্লাহ, বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি এর অধ্যাপক ড. কাজী মুহাইমেন-উস-সাকিব।

এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, আইসিটি বিভাগের প্রভাষক এবং কার্নিভালের আহ্বায়ক রাসেল আহমেদ, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। স্মার্ট বাংলাদেশের ভবিষ্যৎ পরিকল্পনায় তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করা এবং ২০৪১ সালের রূপকল্প বাস্তবায়নে নবীনদের উৎসাহিত করতেই এই তিনদিনব্যাপী টেক কার্নিভাল এর আয়োজন।

আর্মীমুল ইহসান
মুহাঃ আর্মীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ | শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ সমাজ সেবা ক্লাব কর্তৃক আয়োজিত **'টিএসএল স্ট্রিট চিলড্রেন ওয়েলফেয়ার সেমিনার-২০২৩'** অদ্য ১৪ ফেব্রুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। বিশেষ অতিথি ছিলেন এনইটিজেড বাংলাদেশ এর এডুকেশন প্রোগ্রামের টিম লিডার মঞ্জুশ্রী মিত্র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৯, ৩০ এবং ৩২ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শাহিন আক্তার সাথী। এছাড়া উপস্থিত ছিলেন কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, সমাজসেবা ক্লাবের মডারেটর ইংরেজি বিভাগের প্রভাষক জনাব মো. খায়রুজ্জামান, উপাধ্যক্ষবৃন্দ, কলেজের শিক্ষক, ছাত্র ও ক্লাবের কার্যনির্বাহী পরিষদের সদস্যসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রবিবার শুরু হওয়া তিনদিনব্যাপী নানা কর্মসূচির মধ্যে ছিল আলোচনা সভা, পথশিশুদের মধ্যে শ্রেণিপাঠদান, শিক্ষা উপকরণ বিতরণ, উন্নত মানের খাদ্য বিতরণ, উন্নত মানের পোশাক বিতরণ, পথ শিশুদের নিয়ে বিভিন্ন খেলাধুলার আয়োজন ও পুরস্কার বিতরণ ইত্যাদি। প্রধান অতিথি ডিআরএমসি সমাজ সেবা ক্লাবের এই মহৎ উদ্যোগের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে পথশিশুদের নানাবিধ সমস্যা ও তাদের উজ্জল সম্ভাবনার কথা তুলে ধরেন এবং উপস্থিত শিক্ষার্থীসহ বর্তমান প্রজন্মকে পথ শিশুদের পাশে দাঁড়িয়ে একটি সুন্দর, স্বপ্নময় বিশ্ব বিনির্মাণের আহ্বান জানান। 'মানুষ মানুষের জন্য' এই মন্ত্রে দীক্ষিত করে বাংলাদেশের তরুণ প্রজন্মকে মানবসেবায় উদ্বুদ্ধ করার লক্ষ্যেই এ আয়োজন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২

শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃক আয়োজিত **'বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৩'** ১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বুধবার থেকে শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। বিশেষ অতিথি ছিলেন কৃষিবিদ **সৈয়দা নুরুন নাহার**। প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন কলেজের এ সাংস্কৃতিক সপ্তাহ শিক্ষার্থীদের আমাদের নিজস্ব সংস্কৃতি জানতে অনুপ্রানিত করবে এবং নিজ গুণাবলি জেনে পড়াশুনার পাশাপাশি অন্য প্রতিভা বিকাশ করতে পারবে। এছাড়া বক্তব্য দেন বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা- ২০২৩ এর আহবায়ক ও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক সাবেরা সুলতানা। এছাড়া আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, ছাত্র, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক প্রতিযোগিতা উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন ও নয়নাভিরাম ফেস্টুন দ্বারা সজ্জিত করা হয় কলেজ প্রাঙ্গণ। সবুজ-শ্যামলিমাময় সুবিশাল কলেজ ক্যাম্পাস হয়ে ওঠে নান্দনিক সৌন্দর্যে অতুলনীয়। সপ্তাহব্যাপী বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় কলেজের ০৭ টি হাউসের শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, গল্প বলা, দলীয় অভিনয়, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, আধুনিক সঙ্গীত, পল্লীগীতি, সমকালীন সঙ্গীত, দেয়াল পত্রিকা এবং চারু ও কারুকলা বিষয়ে অংশগ্রহণ করবে। ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ মঙ্গলবার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **কে এম খালিদ,** এমপি।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd
শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ২১ ফেব্রুয়ারি ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃক আয়োজিত **'বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৩'** এর সমাপনী ও পুরস্কার বিতরণী অদ্য ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ মঙ্গলবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **কে এম খালিদ**, এমপি। বিশেষ অতিথি ছিলেন কৃষিবিদ **সৈয়দা নুরুন নাহার**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ**, এনডিসি, পিএসসি। প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, সংস্কৃতি হচ্ছে প্রতিটি জাতির ঐতিহ্যের ধারক ও বাহক। ভাষা আন্দোলনের মাসে একুশের চেতনাকে ধারণ করে নিজের শিকড় জেনে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তরুন প্রজন্মের অগ্রণি ভূমিকা পালন করতে হবে। কলেজের অধ্যক্ষ বলেন, এ সাংস্কৃতিক সপ্তাহ শিক্ষার্থীদের আমাদের নিজস্ব সংস্কৃতি জানতে অনুপ্রানিত করবে এবং নিজ গুণাবলি জেনে পড়াশুনার পাশাপাশি অন্য প্রতিভা বিকাশ করতে পারবে। এছাড়া বক্তব্য দেন বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৩ এর আহবায়ক ও ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক সাবেরা সুলতানা। এছাড়া আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, ছাত্র, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বুধবার থেকে শুরু হওয়া সপ্তাহব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতা উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন ও নয়নাভিরাম ফেস্টুন দ্বারা সজ্জিত করা হয় কলেজ প্রাঙ্গণ। সবুজ-শ্যামলিমাময় সুবিশাল কলেজ ক্যাম্পাস হয়ে ওঠে নান্দনিক সৌন্দর্যে অতুলনীয়। সপ্তাহব্যাপী বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় কলেজের ০৭ টি হাউসের শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, গল্প বলা, দলীয় অভিনয়, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, আধুনিক সঙ্গীত, পল্লীগীতি, সমকালীন সঙ্গীত, দেয়াল পত্রিকা এবং চারু ও কারুকলা বিষয়ে অংশগ্রহণ করে। জুনিয়র শাখার ০৩টি হাউসের মধ্যে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে জয়নুল আবেদিন হাউস এবং রানার আপ হয়েছে কুদরত-ই-খুদা হাউস। সিনিয়র শাখার ০৪টি হাউসের মধ্যে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে নজরুল ইসলাম হাউস এবং রানার আপ হয়েছে ড. মুহম্মদ শহীদুল্লাহ হাউস।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd


# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১০ মার্চ ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

**'বিজিএমইএ প্রেজেন্টস ১ম ডিআরএমসি জাতীয় বিজনেস কার্নিভাল-২০২৩'** এর বর্ণিল উদ্বোধন ১০ মার্চ ২০২৩ শুক্রবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিএমইএ এর সভাপতি **জনাব ফারুক হাসান**। বিশেষ অতিথি কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি। তিনদিনব্যাপী এ কার্নিভালে বিজনেস প্রজেক্ট ডিসপ্লে, বিজনেস কুইজ, বিজনেস অলিম্পিয়াড, এনালিটিক্যাল এবিলিটি, বাজার কুইজ, স্টার্ট আপ বিজনেস আইডিয়া সহ ২৩টি ইভেন্টে দেশের শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের চার সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক এবং কার্নিভালের আহ্বায়ক মোঃ আহসানুল হক, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। স্মার্ট বাংলাদেশের ভবিষ্যৎ পরিকল্পনায় ব্যবসায় উদ্যোক্তা হয়ে ৪র্থ শিল্প বিপ্লবে তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করা এবং ২০৪১ সালের রূপকল্প বাস্তবায়নে নবীনদের উৎসাহিত করতেই এই তিনদিনব্যাপী বিজনেস কার্নিভাল এর আয়োজন। আগামী ১২ মার্চ ২০২৩ রবিবার তিনদিনব্যাপি এ আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **ফরহাদ হোসেন,** এমপি ।

মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc-bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১২ মার্চ ২০২৩

# প্রেস বিজ্ঞপ্তি

**'বিজিএমইএ প্রেজেন্টস ১ম ডিআরএমসি ন্যাশনাল বিজনেস কার্নিভাল-২০২৩'** এর সমাপনী ১২ মার্চ ২০২৩ রবিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব **ফরহাদ হোসেন,** এমপি। বিশেষ অতিথি ছিলেন বিজিএমইএ এর সভাপতি **জনাব ফারুক হাসান** এবং ডন সামদানী ফেসিলিটেশন এণ্ড কনসালটেন্সি এর চিফ ইনস্পায়ারেশনাল অফিসার **ডন সামদানী**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ,** এনডিসি, পিএসসি।

১০ মার্চ ২০২৩ শুক্রবার শুরু হওয়া তিনদিনব্যাপী এ কার্নিভালে বিজনেস প্রজেক্ট ডিসপ্লে, বিজনেস কুইজ, বিজনেস অলিম্পিয়াড, এনালিটিক্যাল এবিলিটি, বাজার কুইজ, স্টার্ট আপ বিজনেস আইডিয়া সহ ২৩টি ইভেন্টে দেশের শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের চার সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। কার্নিভালে উপস্থিত ছিলেন কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক এবং ডিআরএমসি বিজনেস এণ্ড ক্যারিয়ার ক্লাব এর মডারেটর মোঃ আহসানুল হক, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। স্মার্ট বাংলাদেশের ভবিষ্যৎ পরিকল্পনায় ব্যবসায় উদ্যোক্তা হয়ে ৪র্থ শিল্প বিপ্লবে তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করা এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বির্নিমাণে নবীনদের উৎসাহিত করতেই এই তিনদিনব্যাপী বিজনেস কার্নিভাল এর আয়োজন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : drmc_bd@yahoo.com
ওয়েব: www.drmc.edu.bd

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) -২০২২ শেখ রাসেল পদক-২০২২

তারিখ : ১৬ মার্চ ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

**'লংকাবাংলা ফাইন্যান্স প্রেজেন্টস ২য় ডিআরএমসি মডেল ইউনাইটেড ন্যাশন কনফারেন্স-২০২৩'** এর উদ্বোধন ১৬ মার্চ ২০২৩ বৃহস্পতিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার **শামসুল হক টুকু**, এমপি। বিশেষ অতিথি ছিলেন জাতিসংঘ তথ্য কেন্দ্রের বাংলাদেশ প্রধান ফাহমিদা সুলতানা এবং সাবেক অতিরিক্ত পররাষ্ট্র সচিব ও কোডার্স ট্রাস্ট এর সিইও মোঃ শামসুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ **ব্রিগেডিয়ার জেনারেল কাজী শামীম ফরহাদ**, এনডিসি, পিএসসি।

তিনদিনব্যাপী এ কনফারেন্সে জাতিসংঘের আদলে ১২টি কমিটির অধিবেশনে দেশের ৬৩টি খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের চার শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। কনফারেন্সে আরও উপস্থিত ছিলেন কলেজের ক্লাবসমূহের প্রধান সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোহাম্মদ নূরুন্নবী, সহযোগী অধ্যাপক ও কনফারেন্সের আহ্বায়ক রাশেদ আল মাহমুদ, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষক। এই কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণকারী ডেলিগেটগণ একটি উপযুক্ত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে জাতিসংঘের কার্যক্রম অনুশীলন ও অনুকরণের মধ্য দিয়ে জনসম্মুখে বক্তৃতা, সামাজিক যোগাযোগ দক্ষতা, উপলব্ধি ক্ষমতা, গবেষণামূলক কাজ, আলোচনা, দলবদ্ধ কাজ, মানুষের সাথে মিথস্ক্রিয়া ইত্যাদি অনুশীলন করার সুযোগ লাভ করে। এ ধরনের আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা কূটনৈতিক শিষ্টাচার, আত্মবিশ্বাসী আচরণ ও মুক্তচিন্তা চর্চায় দক্ষ হয়ে উঠবে। আগামী ১৮ মার্চ ২০২৩ শনিবার কনফারেন্স এর সমাপনী অনুষ্ঠিত হবে।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা